

310425 - যে নারী তার জমিটি ওয়াক্ফ করার ওসিয়ত করে গেছেন; কিন্তু ওয়ারিশগণের মধ্যে কেউ কেউ ওসিয়তটি বাস্তবায়ন করতে নারায়

প্রশ্ন

আমার দাদী (রাহিমাহুল্লাহ) তাঁর জমিটি ওয়াক্ফ করার জন্য ওসিয়ত করে গেছেন। কিন্তু ওয়ারিশদের ৬ জনের মধ্যে ২ জন ওসিয়তটি বাস্তবায়ন করতে নারাজ; তারা বন্টন করে ফেলতে চায়। উল্লেখ্য, জমিটি চাষের। এমতাবস্থায় শরিয়ত অনুযায়ী সঠিক সিদ্ধান্ত কী হবে?

প্রিয় উত্তর

এক:

ওয়াক্ফ করার জন্য ওসিয়ত করে যাওয়া সঠিক। তবে এক তৃতীয়াংশ সম্পত্তির শর্ত প্রযোজ্য। এক তৃতীয়াংশের বেশি দিয়ে কেউ ওসিয়ত করলে সেটা ওয়ারিশদের সম্পত্তির জন্য আটকে থাকবে।

"আল-মাওসুআ আল-ফিকহিয়া" গ্রন্থে (৪৪/১২৩) এসেছে: "কিন্তু জমহুর আলেমদের নিকট মৃত্যুর সাথে সম্পৃক্ত ওয়াক্ফ এর থেকে বাদ থাকবে। যেমন কেউ যদি বলেন: আমি যদি মারা যাই আমার জমিটি গরীবদের জন্য ওয়াক্ফকৃত। তাহলে এ ওয়াক্ফ সহিহ হবে। কেননা এটি মৃত্যুর শর্তযুক্ত দান। এটি ওয়াক্ফের নিমিত্ত ওসিয়ত হিসেবে গণ্য হবে। তাই এর ক্ষেত্রে ওসিয়তের শর্তগুলো প্রযোজ্য হবে; তথা অন্য সকল ওসিয়তের ন্যায় এক তৃতীয়াংশে ধর্তব্য হবে।

মৃত্যুর সাথে সম্পৃক্ত ওয়াক্ফ সঠিক হওয়া ও এটাকে ওসিয়ত হিসেবে গণ্য করার দলিল হল: উমর (রাঃ) ওসিয়ত করেছিলেন। তাঁর ওসিয়তপত্রে এসেছে "এটি আল্লাহর বান্দা মুমিনদের আমির উমর এর ওসিয়ত; যদি তার মৃত্যু হয়: ছামগ (খেজুর বাগান) দান। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশনা মোতাবেক এটি ওয়াক্ফ করেছেন। বিষয়টি সাহাবীদের মাঝে জানাজানি হয়েছে। কিন্তু কেউ আপত্তি করেনি। অতএব এটি ইজমা।"[সমাণ্ড]

আরও জানতে দেখুন: [264216](#) নং প্রশ্নোত্তর।

দুই:

ওয়ারিশগণের উপর অপরিহার্য মৃতব্যক্তির সম্পদের এক তৃতীয়াংশের সীমানায় হলে তার ওসিয়তটি বাস্তবায়ন করা। যেহেতু আল্লাহ তাআলা বলেছেন: "এ সবই সে যা ওসিয়ত করে তা দেয়া ও ঋণ পরিশোধ করার পর।"[সূরা নিসা, আয়াত: ১১]

ইবনে কাছির (রহঃ) তার তাফসিরে (২/২০১) বলেন: "ওসিয়তের উপরে ঋণ অগ্রাধিকারপ্রাপ্ত। এরপরে ওসিয়ত। এরপর ওয়ারিশদের হক। এটি আলেমগণের মাঝে ইজমাকৃত (মতৈক্যপূর্ণ) বিষয়।"[সমাপ্ত]

সুতরাং আপনার দাদীর পরিত্যক্ত সম্পত্তি দেখতে হবে। যদি জমিটি তার পরিত্যক্ত সম্পত্তির এক তৃতীয়াংশের বেশি না হয় তাহলে সম্পূর্ণ জমিটির উপর ওয়াক্ফ বাস্তবায়ন করা আবশ্যিক; যেভাবে তিনি ওসিয়ত করে গেছেন।

আর যদি জমিটি এক তৃতীয়াংশ সম্পত্তির চেয়ে বেশি হয় সেক্ষেত্রে জমির যতটুকু অংশ এক তৃতীয়াংশ সম্পত্তির সমান হয় ততটুকুর উপর ওয়াক্ফ বাস্তবায়ন করতে হবে। এরপর ওয়ারিশদের অবশিষ্ট ওসিয়ত বাস্তবায়ন করা কিংবা প্রত্যাখ্যান করার এখতিয়ার থাকবে। যদি ওয়ারিশদের কেউ অবশিষ্ট ওসিয়ত বাস্তবায়ন করতে সম্মতি দেয় তাহলে তার ভাগে যতটুকু পড়ে ততটুকুর ওসিয়ত বাস্তবায়ন করা হবে।

আর যদি এ জমিটি ছাড়া তার আর কোন সম্পদ না থাকে তাহলে এ জমির এক তৃতীয়াংশে ওয়াক্ফ বাস্তবায়ন করা হবে। অবশিষ্ট জমি ওয়ারিশদের মধ্যে বণ্টন করে দিতে হবে।

সম্পত্তির এক তৃতীয়াংশের মধ্যে ওসিয়ত বাস্তবায়নকে অস্বীকার করা কোন ওয়ারিশের জন্য বৈধ নয়। এই অসিয়ত থেকে যে সম্পদ কেউ গ্রহণ করবে সেটা হারাম হবে। ওসিয়ত বাস্তবায়নে অসম্মত ওয়ারিশকে বাধ্য করার অন্য ওয়ারিশগণ আইনানুগ আদালতে মামলা দায়ের করার অধিকার রাখেন।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।